



শেনজেন দেশে প্রবেশে সব কাগজপত্র সঙ্গে রাখার নির্দেশনা



সংগৃহীত ছবি

শেনজেনভুক্ত দেশগুলোতে ভ্রমণের সময় প্রয়োজনীয় সব বৈধ কাগজপত্র সঙ্গে রাখার নির্দেশনা দিয়েছে ঢাকায় অবস্থিত সংশ্লিষ্ট দেশগুলোর দূতাবাসগুলো।

ভ্রমণকারীদের ভিসা, ট্রাভেল ইন্স্যুরেন্স, হোটেল বুকিংসহ প্রয়োজনীয় নথি বহনের পরামর্শ দেওয়া হয়েছে।

সোমবার এক বার্তায় দূতাবাসগুলো জানায়, শেনজেন ভিসা ভ্রমণের অনুমতি দিলেও কোনো দেশে প্রবেশের চূড়ান্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট দেশের সীমান্ত পুলিশের হাতে থাকে। তাই ভ্রমণকারীদের সব তথ্য ও কাগজপত্র প্রস্তুত রাখতে বলা হয়েছে, যাতে প্রয়োজন হলে তাৎক্ষণিক যাচাই করা যায়।

বার্তায় আরও বলা হয়, সঠিক নথিপত্র সঙ্গে না থাকলে সীমান্তে জটিলতায় পড়ার আশঙ্কা থাকে।

উল্লেখ্য, ইউরোপের ২৯টি দেশ নিয়ে গঠিত শেনজেন অঞ্চলে একক ভিসায় সর্বোচ্চ ৯০ দিন পর্যন্ত ভ্রমণ করা যায়। এ অঞ্চলের অন্তর্ভুক্ত দেশগুলোর মধ্যে রয়েছে জার্মানি, ফ্রান্স, ইতালি, স্পেন, নেদারল্যান্ডস, সুইজারল্যান্ড ও সুইডেনসহ আরও কয়েকটি ইউরোপীয় দেশ।